



রূপালী ব্যাংক লিমিটেড

উত্তম সেবার নিশ্চয়তা

কার্যক্রম নং-১.৫ এর

প্রমাণক

তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ

(০১ জানুয়ারী, ২০২৩ হতে ৩১ মার্চ, ২০২৩ পর্যন্ত)

ক্রমিক নং	প্রচার কার্যক্রম	তারিখ
০১	তথ্য অধিকার আইন বিষয়ক প্রচারপত্র বিতরণ।	চলমান প্রক্রিয়া।

(মোঃ রহমতুল্লাহ সরকার)

উপমহাব্যবস্থাপক

ও

সভাপতি

তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা

বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি

তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে সচেতন হোন



তথ্য অধিকার
আইন অনুসারে
তথ্য গ্রহণ ও
প্রদান করুন

তথ্যের
অপব্যবহার
থেকে বিরত
থাকুন



তথ্য প্রাপ্তির অনুরোধ

কোন ব্যক্তি তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিত বা ইলেক্ট্রনিক মাধ্যমে আবেদন করতে পারবেন। তথ্য অধিকার বিধিমালা, ২০০৯ এর তফসিলে নির্ধারিত ফরম-ক পূরণ করে তথ্যের জন্য আবেদন করতে হবে। চাহিত তথ্যাবলী সন্নিবেশিত করে সাদা কাগজে বা ই-মেইলেও তথ্য প্রাপ্তির জন্য আবেদন করা যাবে।

তথ্য প্রদান পদ্ধতি ও মূল্য পরিশোধ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনধিক ২০ কার্যদিবসের মধ্যে এবং ক্ষেত্র বিশেষে (একাধিক ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে) অনধিক ৩০ কার্যদিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ অনুসন্ধানকারীকে অবহিত করবেন। তথ্য প্রাপ্তির ক্ষেত্রে অনুরোধকারীকে তথ্যের জন্য নির্ধারিত যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে।

তথ্য মূল্য পরিশোধের চালান কোড: ১-৩৩০১-০০০১-১৮০৭

"তথ্য সবার অধিকার, থাকবে না কেউ পেছনে আর"

ব্যাংক কর্তৃপক্ষ নিম্নবর্ণিত বিষয়-সংশ্লিষ্ট তথ্যাবলী সাধারণ জনগণকে প্রদান করতে পারবেঃ

১. ব্যাংকের আমানত,
২. ঋণ-অগ্রীম ও বিনিয়োগ সংক্রান্ত;
৩. ব্যাংকের সম্পদ ও দায় সংক্রান্ত;
৪. ব্যাংকের আয়-ব্যয় সংক্রান্ত;
৫. ব্যাংকের মূলধন সংক্রান্ত;
৬. ব্যাংকের নিয়ন্ত্রণকারী অফিস/শাখা,
৭. ই-ব্যাংকিং প্রডাক্ট,
৮. মানব সম্পদ নিয়োগ পদ্ধতি;
৯. সেবার বিপরীতে ফিস/কমিশন;
১০. ব্যাংকের রেটিং স্ট্যাটাস,
১১. সি এস আর সংক্রান্ত;
১২. আমানত ও ঋণ অগ্রীমের বিভিন্ন প্রডাক্ট;
১৩. বৈদেশিক রেমিট্যান্স ও বৈদেশিক বানিজ্য সংক্রান্ত;
১৪. খেলাপী ঋণের হার;
১৫. ক্রেসপন্ডেন্ট এজেন্ট, কর্পোরেট ইনফরমেশন; মালিকানার প্রকৃতি;
১৬. ব্যাংকের পরিচালনা ও তদারকি সংক্রান্ত (আগাম তথ্য ব্যতীত);
১৭. ব্যাংক সংক্রান্ত অন্যান্য সাধারণ তথ্য যা ব্যাংকের স্বার্থবিরোধী নয়।

ব্যাংক কর্তৃপক্ষ যেসকল তথ্য সাধারণ জনগণকে প্রদান করতে পারবে নাঃ

১. আমানতকারীর হিসাবের তথ্য (গ্রাহকের সম্মতি ব্যতীত);
২. ঋণ হিসাবধারীর ঋণ হিসাবের তথ্য (গ্রাহকের সম্মতি ব্যতীত);
৩. ঋণ খেলাপীর তথ্য (গ্রাহকের সম্মতি ব্যতীত);
৪. ব্যাংক রক্ষিত লকার হিসাবের তথ্য (গ্রাহকের সম্মতি ব্যতীত);
৫. মুদ্রার বিনিময় হার ও সুদের হার পরিবর্তনজনিত আগাম তথ্য;
৬. পরিচালক পরিবর্তনের আগাম তথ্য;
৭. ঋণ আদায়ের জন্য আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থার আগাম তথ্য;
৮. ব্যাংক পরিচালনা ও তদারকী সংক্রান্ত যে কোন আগাম তথ্য;
৯. ব্যাংকের অফিসিয়াল/দাপ্তরিক নোটশিট বা নোটশিটের প্রতিলিপি;
১০. ব্যাংকের স্বার্থবিরোধী অন্যান্য সাধারণ তথ্য।

"সংকটকালে তথ্য পেলে, জনগণের মুক্তি মেলে"

আপীল দায়ের ও নিষ্পত্তি

তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে তথ্যের জন্য আবেদন করে যদি কোন নাগরিক নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য না পান বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তে সন্তুষ্ট না হন, তাহলে আবেদনকারী প্রতিকার পাওয়ার জন্য "আপীল কর্তৃপক্ষ"-এর কাছে আপীল দায়ের করতে পারবেন। তথ্য অধিকার বিধিমালা, ২০০৯ এর তফসিলে নির্ধারিত "গ" ফরম পূরণ করে আপীল দায়ের করতে হয়।

কোন সংস্কৃত ব্যক্তি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আপীল দায়ের করলে আপীল কর্তৃপক্ষ একটি শুনানীর আয়োজন করবেন। তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তার বক্তব্য শুনবেন এবং সংস্কৃততার কারণ ও প্রার্থিতা প্রতিকারের যুক্তিসমূহ বিবেচনা করে সিদ্ধান্ত দিবেন।

"তথ্য অধিকার, সংকটে হাতিয়ার"

অভিযোগ দায়ের ও নিষ্পত্তি

আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্তে আবেদনকারী সন্তুষ্ট না হলে, তিনি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন। আবার কোন কর্তৃপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ না করলে আপীল দায়ের না করেই আবেদনকারী সরাসরি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন। তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালা দ্বারা নির্ধারিত "ক-ফরম" পূরণ করে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে হবে।

ওয়েবসাইটঃ- তথ্য কমিশন: www.infocom.gov.bd
রূপালী ব্যাংক: www.rupalibank.com.bd
সরকারি তথ্য ও সেবা হটলাইন নাম্বার: ৩৩৩

প্রচারে-

রূপালী ব্যাংক লিমিটেড
উত্তম সেবার নিশ্চয়তা



